২০২২

চতুর্থ সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

পত্র : CC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্মোপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) 'শিক্ষা ও বিজ্ঞান' প্রবন্ধে লেখক মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের স্বপক্ষে যে মতামত প্রদর্শন করেছেন তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। ১০

২। (ক) "সৌন্দর্য্যমূর্তি মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তি সৌন্দর্য্যের পূর্ণস্বরূপ।" — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'উপন্যাস ও সমাজবাস্তবতা' প্রবন্ধে প্রাবন্ধিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে সমাজবাস্তবতার স্বরূপ সম্পর্কে যে মতামত ব্যক্ত করেছেন সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

৩। (ক) ছিন্নপত্র পর্বের নদীপথের ও গ্রাম্য সংসারের বহু দৃশ্য ও ঘটনা ছোটগল্পের রূপ নিয়েছিল। — বিষয়টি বিশদ করো। ১০

*অথবা,*

(খ) ছিন্নপত্রকে চিঠি না বলে ডায়ারিও বলা যেতে পারে। — যুক্তিসহ আলোচনা করো। ১০

৪। (ক) "আমরা কি হিন্দুর মেয়ে যে, পুড়িয়া মরিতে পাব না?" — পতঙ্গের এই বক্তব্যের যাথার্থ্য বিচার করো। ৫

*অথবা,*

(খ) 'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধে লেখক 'সমস্যা ত্রিবিধ' বলতে কী বুঝিয়েছেন? ৫

৫। (ক) "সাহিত্যের বিষয় মানবহৃদয় ও মানবচরিত্র।" — সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "এই প্রথম রবীন্দ্রনাথের মায়াজাল ভাঙলো।" — উক্তিটির তাৎপর্য বিচার করো। ৫

৬। (ক) "মানুষের মনখানাও ঠিক ঐ প্রকাণ্ড প্রকৃতির মতো রহস্যময়।" — প্রসঙ্গ উল্লেখ করে বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) 'ছিন্নপত্র'-র ৬৪ সংখ্যক পত্রটির বিষয় সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) কমলাকান্ত আফিমের নেশায় তন্দ্রাচ্ছন্ন হয়ে কী উপলব্ধি করেছেন তা 'বিড়াল' প্রবন্ধটি অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) "মানব-সত্য নিয়েই আধুনিক সাহিত্য।" — 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(গ) "আমার এই দরিদ্র চাষী প্রজাগুলোকে দেখলে আমার ভারি মায়া করে।" — কোন পত্রের অংশ? রবীন্দ্রনাথের এই মমত্ববোধের কারণ কী? ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "আমার শরীর কন্টকিত হইল"— কেন শরীর কন্টকিত হল?

(খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থ আকারে কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) তক্ষশীলা কী?

(ঘ) প্রথম মহাযুদ্ধ কবে হয়?

(ঙ) 'বন্দেমাতরম্' পত্রিকার সম্পাদক কে?

(চ) প্লেটো তাঁর কোন গ্রন্থে কাব্যের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিলেন?

(ছ) ষড়ঋপু কী?

(জ) রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষার 'প্রথম মৌলিক কবি' হিসাবে বুদ্ধদেব বসু কোন কবিকে চিহ্নিত করেছিলেন?

(ঝ) 'National Self' কী?

(ঞ) 'ফিটফাট সাংবাদিকতা' কোন কবির ছিল?

(ট) 'ছিন্নপত্র'-এর বেশিরভাগ চিঠি কাকে লেখা?

(ঠ) 'ছিন্নপত্র'-র কত সংখ্যক পত্রে 'বসুন্ধরা' কবিতার আভাস রয়েছে?

(ড) কমলাকান্ত কাকে দধীচি বলেছেন?

(ঢ) রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(ণ) "মন প্রকৃতির আরশি নহে, সাহিত্যও প্রকৃতির আরশি নহে"— কোন প্রবন্ধের অংশ?

---

# ২০২২

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : CC-8

### (প্রাগাধুনিক সাহিত্য)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) গৌরাঙ্গ-বিষয়ক পদ বলতে কী বোঝো? গৌরাঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকা এক নয়।— প্রসঙ্গটি তোমাদের পাঠ্যপদগুলি অবলম্বনে আলোচনা করো। ২+৮

*অথবা,*

(খ) একালের কাব্যপাঠকের কাছে বৈষ্ণব পদাবলী তার ধর্মতত্ত্বের জন্য নয়, কাব্যগুণেই বেশি আকর্ষণীয়।— এ বিষয়ে তোমার অভিমত দাও। ১০

২। (ক) মুরারী শীল চরিত্রটি নির্মাণে কবি মুকুন্দের দক্ষতা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'কালকেতুর ভোজন' এবং 'চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ নিবেদন' শীর্ষক অংশ অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে কবি মুকুন্দের কৃতিত্ব বিচার করো। ১০

৩। (ক) তোমাদের পাঠ্য কবি কমলাকান্ত ভট্টাচার্যের যে-কোনো দুটি পদ অবলম্বনে শাক্ত কবি হিসাবে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ১০

*অথবা,*

(খ) "শাক্ত কবি মাত্রই ভক্ত।"— এই মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

৪। (ক) "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান/অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।।"— কোন রসপর্যায়ের অন্তর্গত? পদকর্তা কে? পদ্যাংশটির মর্মার্থ কী? ১+১+৩

*অথবা,*

(খ)

"সুন্দরি কৈছে করবি অভিসার।
হরি রহ মানস-সুরধুনী পার।।"

— পদকর্তা কে? কোন রসপর্যায়ের অন্তর্গত? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

৫। (ক) "তৈল বিনা কৈলুঁ স্নান করিলুঁ উদক পান
শিশু কাঁদে ওদনের তরে।"

— কোন কাব্যাংশ থেকে উক্তিটি গৃহীত হয়েছে? এই উক্তির মধ্যে এক অসহায় পিতার যে যন্ত্রণার ছবি উঠে এসেছে, তার পরিচয় দাও। ১+৪

*অথবা,*

(খ) "আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ
তিন সন নাহি দিও কর।।"

— কার উক্তি? উক্তিটির মধ্যে যে নিরাপত্তার আশ্বাস প্রতিফলিত হয়েছে, উক্তিটির অর্থ বিশ্লেষণ করে তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

৬। (ক) "গিরি এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।
বলে বল্‌বে লোকে মন্দ, কারো কথা শুন্‌বো না।।"

— পদকর্তা কে? বক্তার এমন বলার কারণ ব্যাখ্যা করো। ১+৪

*অথবা,*

(খ) "মা আমায় ঘুরাবে কত,/কলুর চোখ-ঢাকা বলদের মত?" — উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১+৪

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) বৈষ্ণব পদাবলীর 'মাথুর'

(খ) ভাঁড়ু দত্ত চরিত্র

(গ) মেনকা চরিত্র।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বিদ্যাপতি কোন রাজসভার কবি ছিলেন?

(খ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে মূল পাঁচটি রস কী কী?

(গ) "বহুদিন পরে বঁধুয়া এলে" শীর্ষক পদটি কোন পর্যায়ের পদ?

(ঘ) "সখি কি পুছসি অনুভব মোয়" শীর্ষক পদটির কবির নাম লেখো।

(ঙ) "দরশ পরশ লাগি আউলাইছে গা" — 'আউলাইছে' শব্দটির অর্থ লেখো।

(চ) কবি মুকুন্দ কার শাসনকালে কাব্য লেখেন?

(ছ) কবিকঙ্কন মুকুন্দের কাব্যের আসল নাম কী?

(জ) কোন বারে কালকেতু দেবী চণ্ডীকে পুজো দিয়েছে?

(ঝ) চণ্ডীমঙ্গল কাব্যে যে কৃষকের কথা আছে তার নাম কী?

(ঞ) মুরারী শীল কালকেতুর আংটির দাম কত দিতে চেয়েছিল?

(ট) 'গিরিবর, আর আমি পারিনে হে, প্রবোধ দিতে উমারে' — শীর্ষক পদটি শাক্ত পদাবলীর কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?

(ঠ) 'ওহে প্রাণনাথ গিরিবর হে' — শীর্ষক পদটির কবির নাম লেখো।

(ড) 'মা গো তারা ও শঙ্করি' শীর্ষক পদটিতে 'প্যাদার রাজা' হিসাবে কোন রাজার নাম উল্লেখ করা হয়েছে?

(ঢ) "কেবল আসার আশা, ভবে আসা...." — পদটির পদকর্তা কে?

(ণ) "আমায় দেও মা তবিলদারী।" — 'তবিলদারী' শব্দের অর্থ কী?

———————

# ২০২২

## চতুর্থ সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

### পত্র : CC-9

### (ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (*যে-কোনো দুটি*)। ৫×২

(অ) অমিত্রাক্ষর ছন্দ

(আ) অক্ষর ও মাত্রা

(ই) পর্ব ও অতিপর্ব।

২। (ক) বক্রোক্তি অলংকার কাকে বলে? এর ক'টি বিভাগ ও কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+২+৬

*অথবা,*

(খ) উপমা অলংকার কাকে বলে? এর বিভিন্ন বিভাগগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+২+৬

৩। (ক) চিত্তের স্থায়ীভাব কীভাবে বিভাব, অনুভাব ও সঞ্চারী ভাবের সংযোগে রূপান্তরপ্রাপ্ত হয়ে রসে পরিণত হয় তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

*অথবা,*

(খ) গ্রিক দার্শনিক অ্যারিস্টটলের অনুসরণে 'অনুকরণের বিষয়' ও 'অনুকরণের রীতি' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। ছন্দলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যক)।

(ক) দহন শয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসাতা
পাঠালে তাহারে ইন্দ্রলোকের অমৃতবারির বার্তা
মাটির কঠিন বাধা হল ক্ষীণ দিকে দিকে হল দীর্ণ
নব অঙ্কুর জয় পতাকায় ধরাতল সমাকীর্ণ। ৫

*অথবা,*

(খ) এই পৃথিবীর
পুরোনো শরীরে আসে বসন্তের দস্যুতার ভীড়
কোনো নিদ্রাহীন রাতে
আমারও শরীর যেন মঞ্জরিত হতে চায়
আকাশে জ্যোৎস্নাতে। ৫

৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো।

(ক) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে। ৫

*অথবা,*

(খ) চোখে চোখে কথা নয় গো বন্ধু আগুনে আগুনে কথা। ৫

৬। (ক) আলংকারিকরা কেন রসকে 'সহৃদয়হৃদয়সংবাদী' বলেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) অনুকরণ সম্পর্কে প্লেটো ও অ্যারিস্টটলের দৃষ্টিভঙ্গির পার্থক্য আলোচনা করো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫×১

(ক) সনেটের গঠন বৈশিষ্ট্য

(খ) বিরোধ অলংকার

(গ) স্থায়ীভাব

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কোন ছন্দকে 'ছড়ার ছন্দ' বলা হয়?

(খ) কলাবৃত্ত ছন্দের দুটি ভাগ কী কী?

(গ) কোন্ ছন্দের লয় ধীর?

(ঘ) মুক্তক ছন্দের 'মুক্তক' নামকরণটি কে করেছিলেন?

(ঙ) পয়ার ছন্দ ব্যবহার হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো।

(চ) "জীবে দয়া তব পরম ধর্ম জীবে দয়া তব কই?" — এখানে কোন অলংকার হয়েছে?

(ছ) কোন অলংকারে উপমেয় ও উপমানের মধ্যে অভেদ কল্পিত হয়?

(জ) 'ব্যাজস্তুতি' অলংকারের 'ব্যাজ' কথাটির অর্থ কী?

(ঝ) সমাসোক্তি অলংকারের একটি দৃষ্টান্ত দাও।

(ঞ) 'যেন' শব্দটি সাধারণত কোন অলংকারে ব্যবহৃত হয়?

(ট) ধ্বনিবাদের প্রবক্তা কে?

(ঠ) মহাকবি বাল্মীকি তাঁর মুখনিঃসৃত শব্দবন্ধকে কী নাম দিয়েছিলেন?

(ড) 'শোক' ভাব থেকে সৃষ্ট রসটির নাম কী?

(ঢ) 'পোয়েটিক্স' গ্রন্থের রচয়িতা কে?

(ণ) 'অনুকরণ'-এর গ্রিক প্রতিশব্দটি লেখো।

---

# ২০২২

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : SEC-B-2

### (ব্যবহারিক বাংলা - ২)

### পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটিকে অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে একটি কাহিনি নির্মাণ করো।

নবম শ্রেণির একটি ছাত্র গল্প করতে করতে টিফিন খাচ্ছিল। হঠাৎ ছাত্রটির গলায় রুটির টুকরো আটকে যায়, শ্বাসকষ্ট শুরু, সবাই মিলে হাসপাতালে নিয়ে যায়, সারাদিন সংকটজনক অবস্থায় থেকে রাত্রি ১১টায় মৃত্যু হয়, চারপাশে শোকের ছায়া নেমে আসে। ১০

*অথবা,*

(খ) নীচের বিষয়টি অবলম্বনে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি প্রবন্ধ রচনা করো। ১০

ছাত্রজীবন ও রাজনীতি।

২। (ক) বাংলা বানান সংস্কারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) তৎসম শব্দের বানান সম্পর্কে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) নীচের গদ্যাংশটি রোমীয় লিপিতে লিপ্যন্তর করো। ১০

বিজ্ঞানচর্চার প্রসারের ফলে আমাদের দেশে মানুষের মনে বিজ্ঞান চেতনার সৃষ্টি হয়েছে। এখন মানুষ যুক্তির আলোকে সব কিছু বিচার করে। এর ফলে মানুষের মন থেকে ভ্রান্ত ধারণাগুলি অনেকটা দূর হয়ে যাচ্ছে।

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA) কী? এই বর্ণমালার সুবিধা অসুবিধাগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×৬

(ক) বাংলা বানানের যে-কোনো তিনটি প্রধান সমস্যা

(খ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ

(গ) গল্পে নীতিশিক্ষা

(ঘ) রোমীয় বর্ণমালার দুটি মূলনীতি

(ঙ) বাংলা বানান সংস্কারে রবীন্দ্রনাথের ভূমিকা

(চ) বিদেশি শব্দের বাংলা প্রতিবর্ণীকরণে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশ

(ছ) বাংলা বানানে 'ন' ও 'ণ' ব্যবহারে পঃ বঃ বাংলা আকাদেমি নির্দেশিত নিয়মবিধি

(জ) বাংলা বানানে 'ই'-কার ও 'ঈ'-কার ব্যবহারের ক্ষেত্রে পঃ বঃ বাংলা আকাদেমির নির্দেশ।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(খ) গল্পের উপাদানগুলি কী কী?

(গ) 'প্রবন্ধ' শব্দটির আক্ষরিক অর্থ কী?

(ঘ) পণপ্রথা বিরোধী রবীন্দ্রনাথের একটি গল্পের নাম লেখো।

(ঙ) 'পরীক্ষা' শব্দটি রোমীয় লিপিতে লেখো।

(চ) 'অ' এবং 'ঞ' ধ্বনি দুটি IPA-তে লেখো।

(ছ) 'চলন্তিকা' কী জাতীয় গ্রন্থ?

(জ) 'ঙ' এবং 'ং'-র মধ্যে 'ং' ব্যবহারের কথা বাংলা বানানবিধিতে বলা হচ্ছে— একটি উদাহরণ দাও।

(ঝ) বুদ্ধিজীবি/বুদ্ধিজীবী— কোনটি সঠিক লেখো।

(ঞ) শুদ্ধ বানান লেখো— গোলোন্দায।

(ট) কোনটি শুদ্ধ লেখো— নিরিবিলি / নিরীবীলি।

(ঠ) রোমীয় লিপিতে 'অধ্যাপক' শব্দটি লেখো।

(ড) ছাত্র শব্দটির IPA-তে লিপ্যন্তর করো।

(ঢ) রোমান হরফে বাংলা বর্ণমালা লেখার পক্ষপাতী কে ছিলেন?

(ণ) পঃ বঃ বাংলা আকাদেমি কবে প্রতিষ্ঠিত হয়?

(ত) সঠিক বানানটি লেখো— আর্য/আর্য্য।

(থ) বাংলা 'ঔ'-ধ্বনিটি রোমীয় বর্ণমালায় কীভাবে লেখা হয়? — au / ao

(দ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় কয়টি 'স' ব্যবহৃত হয়?

(ধ) 'হারাণের নাতজামাই' গল্পটির লেখক কে?

(ন) কোন বানানটি সঠিক— ভৌগলীক/ভৌগোলিক।